

“পুনঃ নিলাম দরপত্র বিজ্ঞপ্তি”

চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের নিম্নবর্ণিত একেজো যানবাহনটি “যেখানে যে অবস্থায় আছে” উহার ভিত্তিতে ক্রয়-ইচ্ছুক আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নির্ধারিত সীল মোহরযুক্ত ফরমে নিলাম দরপত্র আহবান করা যাইতেছে।

নিলামে নাম/ যানবাহনের বিবরণ :

লট-(১) মিতসুবিসি পাজেরো জীপ চট্ট মেট্রো-ঘ---১১-০২৯৭, মডেল ২০০২ইং।

০১. উপরোক্ত নিলাম কাজের দরপত্র সিডিউল চটক নির্ধারিত নগদ মূল্যে (অফেরতযোগ্য) পূর্বালী ব্যাংক, চটক শাখা অথবা ক্যাশিয়ার, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ এর নিকট হতে আগামী ১৭/০৯/২০১৪খ্রিঃ পর্যন্ত ক্রয় করা যাইবে। দরপত্র গ্রহণের দিন ১৮/০৯/২০১৪খ্রিঃ তারিখ কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হইবে না।
০২. নিলাম দরপত্র সমূহ আগামী ১৮/০৯/২০১৪খ্রিঃ তারিখ সকাল ০৯.০০টা হতে দুপুর ১২.৩০ ঘটিকা পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে রক্ষিত টেন্ডার ব্যাগে গ্রহণ করা হইবে এবং ঐ দিন বেলা ১.০০ ঘটিকায় সময় উপস্থিত নিলাম দরপত্রদাতা বা তাহাদের প্রতিনিধির সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) নিলাম দরপত্র সমূহ খোলা হইবে।
০৩. নিলাম দরপত্রদাতা কর্তৃক উদ্ধৃত দরের ৫০% টাকা জামানত হিসাবে চটক চেয়ারম্যান-এর অনুকূলে পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট এর মাধ্যমে নিলাম দরপত্রের সাথে অবশ্যই জমা দিতে হইবে। নির্দিষ্ট অংকের পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট বিহীন যে কোন নিলাম দরপত্র বা অসম্পূর্ণ নিলাম দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।
০৪. সফলকাম নিলাম দরপত্রদাতাকে সিডিউল বর্ণিত গাড়ি নেওয়ার পূর্বে তাহার উদ্ধৃত দরের ৪% হারে ভাট ও ৫% হারে অথবা সরকারের সর্বশেষ নির্ধারিত হারে আয়কর হিসাবে চটক চেয়ারম্যান-এর অনুকূলে আলাদাভাবে পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট এর মাধ্যমে অবশ্যই প্রদান করিতে হইবে।
০৫. নিলামকৃত গাড়ী দরদাতা সরেজমিনে পরিদর্শন করিয়া সঠিকভাবে মূল্যায়ন করিবেন। এ ব্যাপারে পরে কোন ওজর আপত্তি গ্রহণ করা হইবে না। সফলকাম নিলাম দরপত্রদাতাকে প্রয়োজনীয় “কার্যাদেশ” প্রদানের সর্বোচ্চ ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সরবরাহ নিতে হইবে।
০৬. নিলাম দরপত্র ক্রয়ের পর দরপত্র ক্রেতা যানবাহনটি সাপ্তাহিক বা অন্যান্য ছুটির দিন ছাড়া সকল কার্য দিবসে অফিস চলাকালিন সময়ে পরিদর্শন করিতে পারিবেন।
০৭. অনিবার্য কারণবশতঃ নির্ধারিত দিনে যদি নিলাম দরপত্র গ্রহণ ও খোলা সম্ভবপর না হলে পরবর্তী কার্যদিবসে তাহা যথারীতি গ্রহণ ও খোলা হইবে।
০৮. কোন কারণ দর্শানো ব্যতীতকৈ কর্তৃপক্ষ সকল নিলাম দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।



মোঃ জয়দীপ আবেদীন
নির্বাহী প্রকৌশলী (ই এম)
চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ।